জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়
১১০, মতিঝিল বা/এ
ঢাকা।

জেনারেল ব্যাংকিং ডিপার্টমেন্ট
ফোন নং-০২-২২৩৩৮৭১৬৮

নির্দেশ বিজ্ঞপ্তি নং- ১১৯৬/২৩

তারিখ ঃ ০৪/০৪/২০২৩ ইং
২১ চৈত্র ১৪২৯বাং

সকল মহাব্যবস্থাপক/উপ মহাব্যবস্থাপক
একান্ত সচিব, এমডি এন্ড সিইও এবং সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/
সকল শাখা এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

**বিষয় ঃ- ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২২-২৩ শিক্ষাবর্ষের বিবিএ প্রোগ্রামের ভর্তির আবেদন ফি ব্যাংকের যে কোন শাখায় জমা গ্রহণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

প্রধান কার্যালয়ের জেনারেল ব্যাংকিং ডিপার্টমেন্ট কর্তৃক ভর্তি সংক্রান্ত বিষয়ে জারীকৃত নির্দেশ বিজ্ঞপ্তি নং-৬২৫/২০১৫ তারিখ ১৯/০৮/২০১৫ এর অন্যান্য নির্দেশনা অনুসরণসহ নিম্নোক্ত নির্দেশনা পরিপালনের জন্য আপনাদিগকে পরামর্শ দেয়া হল।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের **২০২২-২৩** শিক্ষাবর্ষের **বিবিএ প্রোগ্রামের ভর্তির আবেদন ফি** অনলাইনে জমাদানের কার্যক্রম ৩১/০৩/২০২৩ইং তারিখ হতে শুরু হয়ে ১৮/০৪/২০২৩ইং তারিখ পর্যন্ত চলবে মর্মে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অবহিত করেছে (কেন্দ্রীয় ভর্তি অফিসের পত্র নং কেভঅ/১৯৯ তারিখঃ ৩০ মার্চ ২০২৩ইং)। এ ক্ষেত্রে ব্যাংক কর্তৃক নিম্নোক্ত কার্যসম্পাদন করতে হবে।

(ক) ভর্তিচ্ছু প্রার্থী ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি সংক্রান্ত ওয়েবসাইট (**http://admission.eis.du.ac.bd**) থেকে পে-ইন স্লিপ ডাউনলোড করে জনতা ব্যাংকের যে কোন শাখায় ভর্তির আবেদন ফি বাবদ ১,২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ টাকা) টাকা জমা দিবেন। জমা গ্রহণের সময় পে-ইন স্লিপের উভয় অংশে আবেদনকারীর একই ছবি আছে কি না এবং স্বাক্ষর করেছে কি না তা নিশ্চিত হয়ে ছবি দুটিতে ব্যাংকের **"গোল সীল"** দিতে হবে। প্রত্যেকটি আবেদন পত্রের ব্যাংক কপির অপর পৃষ্ঠায় অবশ্যই শিক্ষার্থী/অভিভাবকের মোবাইল নম্বর লিখে রাখতে হবে।

(খ) আদায়কৃত টাকার মধ্যে ১,২৩৪/৫০ (এক হাজার দুইশত চৌত্রিশ টাকা পঞ্চাশ পয়সা) টাকা ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনুকূলে জমা করতে হবে। অবশিষ্ট ১৫.৫০ (পনের টাকা পঞ্চাশ পয়সা) টাকার মধ্যে ১৩.৪৮ (তের টাকা আটচল্লিশ পয়সা) টাকা **"আয় খাত বিবিধ"** এবং ২.০২ (দুই টাকা দুই পয়সা) টাকা **"ভ্যাট"** হিসেবে সরকারী কোষাগারে জমা করতে হবে।

(গ) **আবেদনকারীর তথ্য JB Online Solution-এ Login করে University Admission System এর মাধ্যমে তাৎক্ষণিক প্রেরণ করতে হবে। কোন অবস্থাতেই বিলম্বে অথবা পরবর্তী কর্মদিবসের জন্য অপেক্ষা করা যাবে না।**

চলমান পাতা-২

**বিষয় ঃ- ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২২-২৩ শিক্ষাবর্ষের বিবিএ প্রোগ্রামের ভর্তির আবেদন ফি ব্যাংকের যে কোন শাখায় জমা গ্রহণ প্রসঙ্গে।**

(ঘ) **শাখা হতে প্রেরিত তথ্যে PIN অথবা AID সংক্রান্ত ভুল থাকলে তা University Admission System এর মাধ্যমে অবহিত হতে হবে এবং সংশ্লিষ্ট তথ্য সংশোধন/Edit করতে হবে। নির্দিষ্ট সময়ের (একই কর্মদিবস) মধ্যে সঠিক তথ্য প্রেরণে ব্যর্থ হলে উদ্ভূত পরিস্থিতির দায়-দায়িত্ব সংশ্লিষ্ট শাখা কর্তৃপক্ষকে বহন করতে হবে।**

(ঙ) প্রতিদিনের সংগৃহীত অর্থ ভর্তি কার্যক্রম পরিচালনার জন্য সংশ্লিষ্ট শাখায় (স্ব স্ব শাখায়) পূর্বে খোলা চলতি হিসাবে জমা করতে হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের চাহিদা মোতাবেক দিন শেষে উক্ত চলতি হিসাবে সংগৃহীত অর্থ বিকলন করে ভর্তি ফিস এর অর্থ $T_{24}$ সফটওয়ারের মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস কর্পোরেট শাখায় রক্ষিত-"**DHAKA UNIVERSITY ADMISSION**" শিরোনামীয় **STD A/C-0100003583354**-এ জমা করতে হবে। অবশিষ্ট অন্য দুইটি ভাউচার হাতে লিখে শাখার জেনারেল লেজার-এ পোষ্টিং করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে অর্থ প্রেরণে ব্যর্থ হলে উদ্ভূত পরিস্থিতির দায় সংশ্লিষ্ট শাখা কর্তৃপক্ষকে বহন করতে হবে।

(চ) ভর্তি সংক্রান্ত যে কোন তথ্যের জন্য প্রধান কার্যালয়ের আইসিটি সিস্টেম- ডিপার্টমেন্ট এর Digital Banking Cell ফোন ঃ ০২-৯৫১৪৩৮০ ই-মেইলঃ (dbc@janatabank-bd.com) এর সাথে যোগাযোগ করতে হবে।

(ছ) **বিভাগীয় কার্যালয়/এরিয়া অফিসের করণীয়ঃ** বিভাগীয় কার্যালয়/এরিয়া অফিসসমূহ তাদের আওতাধীন শাখাসমূহে সংগৃহীত তথ্য প্রধান কার্যালয়ের আইসিটি সিস্টেম-ডিপার্টমেন্টে এবং ফি ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস কর্পোরেট শাখায় প্রেরণ নিশ্চিত করবেন।

(জ) **ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস কর্পোরেট শাখার করণীয় ঃ-** ২০২২-২৩ শিক্ষাবর্ষের **বিবিএ প্রোগ্রামের ভর্তির আবেদন ফি** অনলাইনে জমাদানের কার্যক্রম শেষ হওয়ার পর সংশ্লিষ্ট শাখাসমূহ হতে আদায়কৃত অর্থ **STD A/C-0100003583354**-এ জমা করার ব্যবস্থা গ্রহণ করবে।

এমতাবস্থায়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২২-২৩ শিক্ষাবর্ষের **বিবিএ প্রোগ্রামের ভর্তির আবেদন ফি** ব্যাংকের যে কোন শাখায় ৩১/০৩/২০২৩ তারিখ হতে শুরু হয়ে ১৮/০৪/২০২৩ তারিখ পর্যন্ত জমা গ্রহণসহ আবেদনকারীর তথ্য **JB Online Solution**-এ **Login** করে এর আওতাধীন **University Admission System** এর মাধ্যমে তাৎক্ষণিক প্রেরণ করতে হবে এবং উক্ত তথ্য আইসিটিডি (সিস্টেম) হতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সার্ভারে প্রেরণের বিষয়টি নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো।

আপনার বিশ্বস্ত

**(মোঃ মফিজুল ইসলাম)**
উপ-মহাব্যবস্থাপক

**(মাহফুজা খাতুন)**
মহাব্যবস্থাপক